

শ্রীশ্রীগুরুচাঁদের গার্হস্থ্য আশ্রমের নীতি শিক্ষা

ভক্ত সবে সর্বক্ষণে গুরুচাঁদ কয়।
 “সর্ব আশ্রমের মূল গৃহাশ্রম হয়।।
 যোজন বিস্তৃত শাখা বটবৃক্ষ প্রায়।
 বিভিন্ন আশ্রম ধরি গৃহাশ্রম রয়।।
 ব্রহ্মচারী বানপ্রস্থী অথবা সন্ন্যাসী।
 গৃহীর আশ্রয় পেতে সবে অভিলাসী।।
 গৃহী দেয় অন্নজল গৃহী দেয় অর্থ।
 গৃহীর স্বার্থেতে রয়ে সর্ব-জীব-স্বার্থ।।
 অর্থ ছাড়া বাক্য যথা প্রলাপ বচন।
 অর্থ-শূন্য গৃহী জনে জানিবে তেমন।।
 মহাশক্তি এই অর্থ সবে যাকে চায়।
 গৃহীর অর্থেতে দেখ জগত বাঁচায়।।
 ‘অর্থ অনর্থের মূল’ কহে যেই ভক্ত।
 অর্থের জানে না অর্থ সেই অপগন্ড।।
 এই অর্থ দেখ গৃহী উপার্জন করে।
 গৃহীর অর্থেতে তাই বাঁচে সর্ব নরে।।
 গার্হস্থ্য আশ্রম তাই সর্বাশ্রম মূল।
 তুলনা মিলেনা তার অমূল্য অতুল।।
 এই গৃহাশ্রমে যেনা খাঁটি ভাবে রয়।
 তাঁর মত মহাসাধু কোথা পায় যার?।
 মম পিতামহ শ্রীযশোবন্ত ঠাকুর।
 লীলা সাঙ্গ কালে কথা কহিলা প্রচুর।।
 পঞ্চপুত্র কাছে ডাকি সেই মহামতি।
 শিখাল নিগূঢ় মর্ম গৃহধর্ম নীতি।।
 পুত্রগণে ডেকে বলে “শুন পুত্রগণ।
 জন্মিলে অবশ্য ভবে নিশ্চয় মরণ।।
 মোর মনে এই জাগে অল্পকাল পরে।
 অবশ্য ত্যজিব দেহ যেতে পরপারে।।

যাত্রার প্রাক্কালে যাহা আমি বলে যাই।
 চিরকাল সকলের মনে রাখা চাই।।
 পাপ নহে দূরে কোথা পাপ নিজ ঘরে।
 নিজ নারী সঙ্গে জীব নিত্য পাপ-করে।
 অধিকার আছে ভাবি করে পাপ কর্ম।
 নিজ ঘরে নিত্য নরে নাশে গৃহ-ধর্ম।।
 গৃহস্থ আশ্রম হায়! পবিত্র সম্পদ।
 পবিত্রতা নষ্ট করি ঘটায় প্রমাদ।।
 এজন্য বলিনু সবে থাকিও সামাল।
 নারী সঙ্গে বৃথা রঙ্গে হইয়োনা পয়মাল।
 একমাত্র এই মূল-তত্ত্ব রাখ ঠিক।
 এই শিক্ষা আদি শিক্ষা, গৃহীর প্রতীক।।
 মম পিতৃদেব প্রভু শ্রীহরি ঠাকুর।
 তিন বাক্য বলে মোরে মধুর মধুর।।
 একবাক্যে বলে শিক্ষা দিতে পুত্রগণে।
 দ্বিতীয় অতন্ত্র থাকি বিজয়ী মরণে।।
 তৃতীয় সে আশীর্বাদ কৃপা মম প্রতি।
 তিরোভাব কিছু পূর্বে বলিলা সম্প্রতি।।
 যশোবন্ত দেব যাহা বলে তাঁর ঠাই।
 সেই নীতি পালিবার আজ্ঞা করে সাঁই।।
 করজোড়ে নিবেদন করি পিতৃ আগে।
 “তব অদর্শনে পিতঃ প্রাণে হন্দু জাগে।।
 কি হবে করিতে মোর কোন পথে চলি।
 দয়া করি পিতা মোরে যাও সব বলি।।
 ‘পিতা ক’ন গুরুচরণ! কি চিন্তা তোমার।
 জাগিবে তোমার মনে যা’ কিছু করার।
 মম পিতা যশোবন্ত বলেছেন যাহা।
 নিশ্চয় জীবনে তুমি পালিবেক তাহা।’
 আমার সাধন-ভজন আর কিছু নাই।
 পিতৃবাক্য রক্ষা করি তা’তে সব পাই।।
 আর শুন বলি কথা ওহে সাধুগণ।।
 গৃহস্থ আশ্রম নষ্ট কিসের কারণ।।